যুগান্তর
13 JAN 2017

# ভিসি হয়ে ঢাকার বাইরে যেতে রাজি নন কেউ

রাশেদ রাব্বি

সরকার ঘোষিত দেশের নতুন দুই মেডিকেল বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম ও রাজশাহীতে ভিসি নিয়োগে সার্চ কমিটি গঠিত হয়েছে। এই দুই বিশ্ববিদ্যালয়ের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় থেকে ইতিমধ্যে ৩ জন করে ব্যক্তির নাম মনোনয়ন দিয়ে প্রধানমন্ত্রীর দফতরে পাঠানো হয়েছে। তবে, রাজধানীতে কর্মরত কোনো অধ্যাপক এই দুই বিশ্ববিদ্যালয়ের ভিসি হয়ে ঢাকার বাইরে যেতে রাজি নন বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

**চট্টগ্রাম ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ভিসি নিয়োগে সার্চ কমিটি**

নাম প্রকাশে অনিচ্ছুক স্বাস্থ্য মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানান, দু'দিন আগেও সার্চ কমিটির সভাপতি ও একজন সদস্য পৃথকভাবে ভিসি নিয়োগের বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে পৃথকভাবে আলোচনা করেছেন। তবে ভিসি হিসেবে ঢাকায় কর্মরত যাদের নাম প্রস্তাব করা হয়েছে তারা কেউই ঢাকার বাইরে যেতে রাজি হচ্ছেন না। তাই সার্চ কমিটির মাধ্যমে ৩ জন করে ৬ জনের একটি তালিকা করা হয়েছে।

জানা গেছে, ভিসি হিসেবে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের জন্য মনোনীতরা হলেন— চট্টগ্রামের বিজিসি ট্রাস্ট মেডিকেল কলেজের ভাইস প্রিন্সিপাল অধ্যাপক ড. মো. জাহিদ হোসেন শরীফ, ঢাকা মেডিকেলের প্রিন্সিপাল অধ্যাপক ডা. মো. ইসমাইল খান ও চট্টগ্রাম মেডিকেল কলেজের প্রিন্সিপাল অধ্যাপক ডা. সেলিম মো. জাহাঙ্গীর। এদের মধ্যে ড. মো. জাহিদ হোসেন শরীফেরই একমাত্র পিএইচডি ডিগ্রি রয়েছে। এছাড়াও তিনি একজন মুক্তিযোদ্ধা।

অপরদিকে রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের জন্য মনোনীতরা হলেন— রাজশাহী মেডিকেল কলেজের সাবেক প্রিন্সিপাল অধ্যাপক মাসুম হাবিব, স্বাস্থ্য অধিদফতরের সাবেক অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক ডা. এবিএম আবদুল হান্নান ও রংপুর মেডিকেল কলেজের সাবেক প্রিন্সিপাল অধ্যাপক ডা. সাইফুল ইসলাম।

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম সম্প্রতি জানিয়েছেন, শিগগিরই চট্টগ্রাম ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ে দু'জন ভিসি নিয়োগ করা হবে। একই সঙ্গে পর্যায়ক্রমে প্রতিটি বিভাগে মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে।

তবে দীর্ঘদিন থেকেই দুটি মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভিসি হিসেবে নিয়োগ পেতে ১০ থেকে ১২ জন প্রার্থী জোর তদবির চালিয়ে আসছেন। এদের মধ্যে থেকে নিয়োগ দেয়ার জন্য স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ) ও বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশন (বিএমএ) নেতারা সরকারের উচ্চ পর্যায়ে যোগাযোগ রক্ষা করে চলেছেন।

এ প্রসঙ্গে জানতে চাইলে স্বাচিপ মহাসচিব অধ্যাপক ডা. এমএ আজিজ যুগান্তরকে বলেন, স্বাচিপ বা বিএমএ থেকে ভিসি নিয়োগে কোনো সুপারিশ করা হয়নি। তিনি বলেন, 'আমরা চাই যত দ্রুত সম্ভব এ পদে নিয়োগের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের কাজ শুরু হোক। তাহলে দেশের স্বাস্থ্যসেবা অনেকটা এগিয়ে যাবে।'

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, নতুন দুই মেডিকেল বিশ্ববিদ্যালয়ে দু'জন ভিসি-নিয়োগের জন্য পাঁচ সদস্যের সার্চ কমিটি করা হয়েছে। এই কমিটি প্রতিটি বিশ্ববিদ্যালয়ের জন্য ৩ জন করে ব্যক্তির নাম মনোনয়ন দিয়ে প্রধানমন্ত্রীর দফতরে পাঠিয়েছে। প্রধানমন্ত্রীর অনুমোদনের পর রাষ্ট্রপতির দফতরে এ-সংক্রান্ত নথি পাঠানো হবে। রাষ্ট্রপতি চূড়ান্তভাবে চট্টগ্রাম ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভিসি নিয়োগ দেবেন। এরপর শুরু হবে বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন ও লোকবল নিয়োগ।

সূত্র জানায়, এপদে নিয়োগে পাঁচ সদস্যের সার্চ কমিটির সভাপতি করা হয়েছে বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের সদ্য বিদায়ী সভাপতি অধ্যাপক ডা. মাহমুদ হাসানকে। কমিটির সদস্যরা হলেন— বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক ডা. প্রাণ গোপাল দত্ত, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস অ্যান্ড সার্জনসের সভাপতি ■ পৃষ্ঠা ৭ : কলাম ৮

## ভিসি হয়ে ঢাকার বাইরে যেতে

(৩য় পৃষ্ঠার পর)

অধ্যাপক ডা. সানোয়ার হোসেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (ওঅ্যান্ডএম) ও স্বাস্থ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা)। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের সভাপতিত্বে ভিসি নিয়োগে সার্চ কমিটি ইতিমধ্যে বৈঠকও করেছে।

যদিও সার্চ কমিটির সদস্য অধ্যাপক ডা. প্রাণ গোপাল দত্ত বলেন, 'এ রকম কোনো তালিকা সম্পর্কে আমি জানি না। গত সভায় সার্চ কমিটির সভাপতি সময় নিয়েছেন ১ সপ্তাহ। এরপর আর কোনো সভা হয়নি। তাই কোনো তালিকা গঠন ও তা প্রধানমন্ত্রীর কাছে পাঠানোর বিষয়টি আমার জানা নেই।' প্রসঙ্গত, বর্তমান সরকার চট্টগ্রাম ও রাজশাহীতে দুটি পৃথক মেডিকেল বিশ্ববিদ্যালয় গঠনে জাতীয় সংসদে এ-সংক্রান্ত একটি বিল পাস হওয়ার পর রাষ্ট্রপতি দুটি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেন।